



কৃষি ভবন

৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা ঢাকা-১০০০

(সংস্থাপন বিভাগ, শৃঙ্খলা শাখা)

www.badc.gov.bd

স্মারক নং- ১২.২০৩.০২৭.০০.০০.২২৯৭.২০১৩ - ২৬৫৬

তারিখ: ২২ আশ্বিন ১৪২৪
২৭ সেপ্টেম্বর ২০১৭

অফিস আদেশ

যেহেতু জনাব মোঃ হাসান মাহমুদ, উপসহকারী পরিচালক (ক:প্রো:), বিএডিসি, বরিশাল ইউনিট, বরিশাল। তিনি উপসহকারী পরিচালক (ক:প্রো:), বিএডিসি, যশোর হিসেবে কর্মকালীন তাঁর বিরুদ্ধে প্রতারণার মাধ্যমে বিভিন্ন ব্যক্তির নিকট হতে টাকা হাতিয়ে নেয়া, চেক প্রদান, চেক ডিজঅনার হওয়া এবং চেক ডিজঅনার হওয়ার বিষয়ে আদালতে মামলা চলমান থাকা ইত্যাদি অভিযোগসমূহ প্রাথমিক তদন্তে প্রমাণিত হওয়ায় সংস্থাপন বিভাগের ১৫ ডিসেম্বর ২০১৩ তারিখের ২৪৩৫ নং স্মারকমূলে তাঁর বিরুদ্ধে বিভাগীয় অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রণয়ন করা হয়; এবং

০২. যেহেতু উপরোক্ত অভিযোগসমূহের জন্য বিএডিসি কর্মচারি চাকরি প্রবিধানমালা ১৯৯০ এর ৩৯ প্রবিধির উপর ভিত্তি করে ৪৩(১) প্রবিধি মোতাবেক কেন তাঁর বিরুদ্ধে শাস্তি/শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার কারণ দর্শাতে নির্দেশ দেয়া হয়; এবং

০৩. যেহেতু, বিএডিসি, কর্মচারি চাকরি প্রবিধানমালা ১৯৯০ এর ৪৩ (২) প্রবিধি মোতাবেক একজন তদন্ত কর্মকর্তার মাধ্যমে অভিযোগসমূহ তদন্ত করা হয়; এবং

০৪. যেহেতু, তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে তাঁর বিরুদ্ধে অবৈধ ব্যবসায়িক সম্পর্ক, ব্যক্তিস্বার্থ চরিতার্থের লক্ষ্যে বিধি বহির্ভূত বিপুল পরিমাণ আর্থিক লেনদেন, প্রতারণার মাধ্যমে টাকা হাতিয়ে নেয়া, অভিযোগকারীগণকে চেক প্রদান, প্রদত্ত চেক ব্যাংককর্তৃক ডিজঅনার হওয়া, চেক হারানোর বিষয়ে বিভ্রান্তিকর তথ্য প্রদান এবং চেক ডিজঅনার এর বিষয়ে মামলা ও গ্রেপ্তারী পরোয়ানা জারীর অভিযোগ এবং ২৬ ডিসেম্বর ২০১১ হতে ১২ মে ২০১৩ তারিখ পর্যন্ত মোট ১৩৮ দিন অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগ প্রতিষ্ঠিত হয়েছে; এবং

০৫. যেহেতু, উক্ত অপরাধের জন্য বিএডিসি কর্মচারি চাকরি প্রবিধানমালা ১৯৯০ এর ৪০(১) (খ) প্রবিধি মোতাবেক তাঁর উপর কেন এক বা একাধিক গুরুদণ্ড আরোপ করা হবেনা তার কারণ দর্শানোর জন্য সংস্থাপন বিভাগের ১৮ জুন ২০১৪ তারিখের ৫১৭২ নম্বর স্মারকযোগে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ ইস্যু করা হয়। তিনি উক্ত নোটিশের জবাব দাখিল করেন; এবং

০৬. যেহেতু, জনাব মোঃ হাসান মাহমুদ, উপসহকারী পরিচালক (ক:প্রো:), বিএডিসি, বরিশাল ইউনিট, বরিশাল (প্রাক্তন উপসহকারী পরিচালক (ক:প্রো:), বিএডিসি, যশোর) এর বিরুদ্ধে জনৈক মোঃ জয়নাল আবেদীন কর্তৃক চেক ডিজঅনারের অভিযোগে বিজ্ঞ দায়রা জজ আদালত, যশোর-এ সেশন কেস নং-৭৮২/২০১৪ (সিআরকেস নং-১৫০/২০১৩ হতে উদ্ভূত) দায়ের করা হয় এবং উক্ত মামলায় মাননীয় আদালত কর্তৃক তাকে (জনাব মোঃ হাসান মাহমুদ'কে) অভিযুক্ত করে ০১ (এক) বছরের কারাদণ্ডসহ ৭১,৮৯,২০০/- (একাত্তর লক্ষ উনানব্বই হাজার দুইশত) টাকা জরিমানা আদায়ের শাস্তি প্রদান করা হয়।

০৭. সেহেতু, জনাব মোঃ হাসান মাহমুদ, উপসহকারী পরিচালক (ক:প্রো:), বিএডিসি, বরিশাল ইউনিট, বরিশাল (প্রাক্তন উপসহকারী পরিচালক (ক:প্রো:), বিএডিসি, যশোর ইউনিট, যশোর) কে গণকর্মচারী (সাজা প্রাপ্তির কারণে বরখাস্ত) অধ্যাদেশ ১৯৮৫ ও বিএডিসি কর্মচারি প্রবিধানমালা ১৯৯০ এর বিধি-৫০ মোতাবেক রায় ঘোষনার তারিখ অর্থাৎ ০২/০৯/২০১৪ তারিখ হতে বিএডিসি কর্মচারি চাকরি প্রবিধানমালা ১৯৯০ এর ৪০(১)(খ)(এ) ধারা অনুযায়ী সংস্থার চাকরি হতে বরখাস্ত (ডিসমিসাল) এবং ২৬ ডিসেম্বর ২০১২ হতে ১২ মে ২০১৩ তারিখ পর্যন্ত মোট ১৩৮ দিন বিনা বেতনে অসাধারণ ছুটি মঞ্জুরপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো।

(তুলসী রঞ্জন সাহা)
সচিব

বিএডিসি, ঢাকা।

ফোনঃ ৯৫৬৪৩৫৯


e-mail: secretary@badc.gov.bd

স্মারক নং- ১২.২০৩.০২৭.০০.০০.২২৯৭.২০১৩ - ১৬৬৬

তারিখ: ১২ আশ্বিন ১৪২৪
২৭ সেপ্টেম্বর ২০১৭

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাব্যবস্থাপক (সার ব্যবস্থাপনা/ক্রয়/বীজ/উদ্যান/এএসসি/পাটবীজ), বিএডিসি, ঢাকা।
২. প্রধান প্রকৌশলী (ক্ষুদ্রসেচ/সওকা/নির্মাণ), বিএডিসি, ঢাকা।
৩. নিয়ন্ত্রক (অডিট), বিএডিসি, ঢাকা।
৪. হিসাব নিয়ন্ত্রক, বিএডিসি, ঢাকা।
৫. অতিরিক্ত মহাব্যবস্থাপক (ক:গ্রো:), বিএডিসি, ঢাকা।
৬. যুগ্মপরিচালক (ক:গ্রো:), বিএডিসি, যশোর/বরিশাল।
৭. উপপরিচালক (ক:গ্রো:), বিএডিসি, যশোর/বরিশাল।
৮. আঞ্চলিক হিসাব নিয়ন্ত্রক, বিএডিসি, যশোর/বরিশাল।
৯. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএডিসি, ঢাকা।
- ✓ ১০. সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, বিএডিসি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১১. সম্পাদক, কৃষি সমাচার, জনসংযোগ বিভাগ, বিএডিসি, ঢাকা।
১২. সহকারী হিসাব, নিয়ন্ত্রক (প্রভতঃ/নগদান/ব্যঃদাঃ), বিএডিসি, ঢাকা।
১৩. জনাব মোঃ হাসান মাহমুদ, উপসহকারী পরিচালক (ক:গ্রো:), বিএডিসি, বরিশাল ইউনিট, বরিশাল।
১৪. জনাব মোঃ হাসান মাহমুদ, পিতা-মোকসেদ মাষ্টার, গ্রাম-পাংগাসিয়া, ডাকঘর- পাংগাসিয়া, উপজেলা-দুর্গা, জেলা-পটুয়াখালী।
১৫. সদস্য পরিচালক (সার ব্যবস্থাপনা/অর্থ/ক্ষুদ্রসেচ/বীজ ও উদ্যান)/সচিব মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
১৬. ব্যক্তিগত নথি/অফিস কপি /মাষ্টার ফাইল।


(মোঃ রিয়াজুল ইসলাম)
উপসচিব (সংস্থাপন)
বিএডিসি, ঢাকা।